

শাকসু নির্বাচন ২০ জানুয়ারি, পুনঃতফসিল ঘোষণা

অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (শাকসু) ও হল সংসদ নির্বাচনের পুনঃতফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন। পুনঃতফসিল অনুযায়ী আগামী ২০ জানুয়ারি অনুষ্ঠিত হবে নির্বাচন। সোমবার (২৪ নভেম্বর) সন্ধ্যায় প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. আবুল মুকিত মোহাম্মদ মোকাদ্দেছ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এর আগে, গত ১৬ নভেম্বর রবিবার এক সংবাদ সম্মেলনে শাকসু নির্বাচনের তফসিল ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. আবুল মুকিত মোহাম্মদ মোকাদ্দেছ।

সেই তফসিল অনুযায়ী নির্বাচন হওয়া কথা ছিল
১৭ ডিসেম্বর। তবে ‘ভোট কাস্ট’ কম হওয়ার
সম্ভাবনা থাকায় নির্বাচন পেছানো হয়েছে।

রবিবার (২৩ নভেম্বর) সকাল ১১টায় শাকসু
নির্বাচনের তারিখ নির্ধারণের ব্যাপারে
বিশ্ববিদ্যালয় প্রশাসন ও নির্বাচন কমিশনের
সঙ্গে ছাত্রদল, শিবির ও শিক্ষার্থীদের বিভিন্ন
পক্ষের মধ্যে প্রায় সাড়ে তিন ঘণ্টা
আলোচনাসভা হয়। সভায় ১৭ ডিসেম্বরের
নির্বাচনের পরিবর্তে আগামী ২০ জানুয়ারি
তারিখ নির্ধারণ করা হয়।

নতুন তফসিল অনুযায়ী, নির্বাচনের খসড়া
ভোটের তালিকা পুনঃপ্রকাশ করা হবে আগামী
২৬ নভেম্বর। খসড়া ভোটের তালিকা সম্পর্কে
আপত্তি গ্রহণের শেষ তারিখ ২৯ নভেম্বর
বিকেল সাড়ে ৩টা পর্যন্ত। এরপর ১ ডিসেম্বর
চূড়ান্ত ভোটের তালিকা প্রকাশ করা হবে।

মনোনয়নপত্র বিতরণ করা হবে ২ ডিসেম্বর
সকাল ১০টা থেকে ৩ ডিসেম্বর বিকেল সাড়ে
৩টা পর্যন্ত এবং জমাদানের শেষ সময় ৪
ডিসেম্বর বিকেল সাড়ে ৩টা পর্যন্ত।

৬ ডিসেম্বর মনোনয়নপত্র যাচাই-বাছাই শেষে প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশ করা হবে ৭ ডিসেম্বর। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ ৯ ডিসেম্বর বিকেল সাড়ে ৩টা পর্যন্ত। প্রার্থীদের বিষয়ে আপিল গ্রহণ ও নিষ্পত্তি হবে ১০ ডিসেম্বর বিকাল ৪টা পর্যন্ত। চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ করা হবে ১১ ডিসেম্বর। এ নির্বাচনে ভোট গ্রহণ করা হবে সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত।

নির্বাচনের ফলাফলও একই দিনে প্রকাশ করা হবে।